# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি এক কাপড়ে সালাত আদায় করবে, তখন তাকে তাওয়াশ্শুহ করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بالاتِّشاح فِي الثَّوْبِ الْوَاحِدِ إِذَا صلَّى الْمَرْءُ فِيهِ

আরবী

2300 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْم حَدَّثنا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ أَيُصلي الرَّجُلُ فِي الثَّوْبِ الْوَاحِدِ فَقَالَ:
(لِيَتَوَشَّحْ بِهِ ثُمَّ لِيُصَلِّ فِيهِ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2300 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ انظر الحديث (2292).

বাংলা

২৩০০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন ব্যক্তি কি এক কাপড়ে সালাত আদায় করতে পারবে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জবাবে বলেন, “সে কাপড় তাওয়াশ্শুহ[1] করে নিবে তারপর তাতে সালাত আদায় করবে।”[2]

[1] “তাওয়াশশুহ হলো কাপড়ের এক প্রান্ত বাম হাতের নিচ দিয়ে ডান কাঁধের উপর রাখবে আর আরেক প্রান্ত ডান হাতের নিচ দিয়ে নিয়ে বাম কাঁধের উপর রাখবে অতঃপর দুই প্রান্ত বুকের উপর নিয়ে বাধবে।” –অনুবাদক।

ফুটনোট

[2] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৪০; সহীহ আল বুখারী: ৩৫৮; সহীহ মুসলিম: ৫১৫; আবূ দাঊদ: ৬২৫; নাসাঈ: ২/৬৯-৭০; সুনান বাইহাকী: ২/২৩৬-২৩৭; বাগাবী: ৫১১; মুসনাদ আহমাদ: ২/২৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৩৬৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩৭৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন